# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৭৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

## بَابُ التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ الْمَجِيدِ الْمُقْرِي ، نَا مُحَمَّدُ بْنُ عَلِيٍّ الْوَرَّاقُ ، ح : وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، حَدَّثَنَا أَبُو سَيَّارٍ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُسْتَوْرِدِ ، قَالَا : نَا دَاوُدُ بْنُ شَبِيبٍ ، نَا إِبْرَاهِيمُ بْنُ طَهْمَانَ ، عَنْ حُصَيْنٍ ، عَنْ أَبِي مَالِكٍ ، عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ : " أَنَّهُ أَجْنَبَ فِي سَفَرٍ لَهُ ؛ فَتَمَعَّكَ فِي التُّرَابِ ظَهْرًا لِبَطْنٍ ، فَلَمَّا أَتَى النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أَخْبَرَهُ ، فَقَالَ : " يَا عَمَّارُ ، إِنَّمَا كَانَ يَكْفِيكَ أَنْ تَضْرِبَ بِكَفَّيْكَ فِي التُّرَابِ ، ثُمَّ تَنْفُخَ فِيهِمَا ، ثُمَّ تَمْسَحَ بِهِمَا وَجْهَكَ ، وَكَفَّيْكَ إِلَى الرُّسْغَيْنِ " ؛ لَمْ يَرْوِهِ عَنْ حُصَيْنٍ مَرْفُوعًا غَيْرُ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ ، وَوَقَفَهُ شُعْبَةُ وَزَائِدَةُ وَغَيْرُهُمَا ، وَأَبُو مَالِكٍ فِي سَمَاعِهِ مِنْ عَمَّارٍ نَظَرٌ ؛ فَإِنَّ سَلَمَةَ بْنَ كُهَيْلٍ قَالَ فِيهِ : عَنْ أَبِي مَالِكٍ ، عَنِ ابْنِ أَبْزَى ، عَنْ عَمَّارٍ ؛ قَالَهُ الثَّوْرِيُّ عَنْهُ

বাংলা

৬৭৭(৩৩). আল-হাসান ইবনে ইবরাহীম ইবনে আবদুল মাজীদ আল-মুকরী (রহঃ) ... আম্মার ইবনে ইয়াসির (রাঃ) থেকে বর্ণিত। তিনি তার এক সফরে নাপাক হলেন এবং তিনি পেট বের করে মাটিতে গড়াগড়ি করেন। পরে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে তাঁকে এ সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, হে আম্মার! তোমার জন্য এটাই যথেষ্ট ছিল যে, তোমার দুই হাত মাটিতে মারতে, তারপর তাতে ফুঁ দিতে, তারপর তা দিয়ে তোমার মুখমণ্ডল ও উভয় হাত কব্জি পর্যন্ত মসেহ করতে।

এই হাদীস ইবরাহীম ইবনে তাহমান (রহঃ) ব্যতীত অন্য কেউ হুসাইন (রহঃ) থেকে মারফূরূপে বর্ণনা করেননি। এই হাদীস শো’বা, যায়েদা প্রমুখ মাওকুফরূপে বর্ণনা করেছেন। আবু মালেক (রহঃ)-এর আম্মার (রাঃ) থেকে হাদীস শ্রবণ সম্পর্কে সন্দেহ আছে। কেননা সালামা ইবনে কুহাইল (রহঃ) আবু মালেক-ইবনে আবাযা-আম্মার (রাঃ) সূত্রে বর্ণনা করেন। এটা সুফিয়ান সাওরী (রহঃ) তার সূত্রে বলেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80466

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন